

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.legislativediv.gov.bd

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অর্থবছরের সূচক নং ১.৩ অনুসারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অংশীজন সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১৮-১২-২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ, রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব (ড্রাফটিং) ও জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব এস, এম, শাফায়েত হোসেন এর সভাপতিত্বে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ভার্চুয়ালি একটি অংশীজন সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট-‘ক’ তে সংযুক্ত।


২। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করেন। এ পর্যায়ে তিনি শুদ্ধাচার সম্পর্কে ধারণা, প্রয়োজনীয়তা, দুর্নীতি রোধে করণীয়, শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ, রূপকল্প ও অভিলক্ষ্য, রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ, প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থার উন্নয়ন, শুদ্ধাচার সংশ্লিষ্ট তথ্যাদি এবং এ বিভাগের কর্মপরিকল্পনার বিভিন্ন দিক তুলে ধরেন।

৩। সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাদের নিকট লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শুদ্ধাচার এবং ইহার কাজ ও কাজের মান সম্পর্কে তাদের মতামত জানতে চান। এ পর্যায়ে উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্স অফিস, খাগড়াছড়ির প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব কৃষ্ণ চন্দ্র চাকমা প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের কোনো আইনের খসড়া প্রস্তুতের সময় আইনটির বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভূমিকা সম্পর্কে জানতে চান। সভাপতি মহোদয় জানান যে, আইনের খসড়া প্রস্তুতের সময় প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের নিকট পরামর্শ যাচনার প্রেক্ষিতে মতামত প্রদান করতে পারে। এছাড়া, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার সহকারী পরিচালক ফারিন ফারজানা সুশাসন এবং শুদ্ধাচারের মধ্যে পার্থক্য সম্পর্কে জানতে চান। সভাপতি মহোদয় জানান যে, সুশাসনের একটি অংশ হচ্ছে শুদ্ধাচার এবং শুদ্ধাচার চর্চার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠিত হয়। এছাড়া, সভায় অংশগ্রহণকারী অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের কাজ ও কাজের মান সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন। সভার উপস্থিত অংশীজনগণ সভা আয়োজন করার জন্য এ বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরবর্তীতে একই প্রকৃতির অন্যান্য অংশীজনদের সমন্বয়ে কয়েকটি অংশীজন সভা আয়োজন করার জন্য পরামর্শ প্রদান করেন।

৪। সভায় অংশগ্রহণকারী প্রতিনিধিদের সুপারিশের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যথা:-

সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী নির্ধারিত পদ্ধতিতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে নথি প্রেরণের পদ্ধতি ও রীতি নিয়ে অবহিতকরণ স্টেকহোল্ডার সভা প্রতি ৩ (তিন) মাস অন্তর আয়োজন করতে হবে।

৫। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এস, এম, শাফায়েত হোসেন)
যুগ্মসচিব (ড্রাফটিং)
এবং
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
জাতীয় শুদ্ধাচার কৌশল।